গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং তারিখ
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন অধিশাখা-১৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

নম্বর : ২৫.০০.০০০০.০৫৩.০০৬.০১২.২০১৯.৩৬১

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪৩০ / ০৫ ডিসেম্বর ২০২৩

## প্রজ্ঞাপন

Bangladesh National Building Code 2020 বাস্তবায়নের উদ্দেশ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী সমগ্র দেশের জন্য মানসম্মত কারিগরি নকশা প্রণয়ন ও তদানুযায়ী নিরাপদ ভবন নির্মাণ নিশ্চিতকরণের লক্ষ্যে Bangladesh Building Regulatory Authority (BBRA) গঠনের পূর্ব পর্যন্ত অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে নিম্নোক্ত কারিগরি সমন্বয় কমিটি গঠন করা হলো:

| ক্রম | পদবি ও কর্মস্থল | অবস্থান |
|---|---|---|
| ১. | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | সদস্য |
| ৫. | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৬. | চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ৭. | মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট | সদস্য |
| ৮. | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৯. | পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১০. | সভাপতি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)/সভাপতি, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট/সভাপতি, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স/সভাপতি, ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) | সদস্য |
| ১১. | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য-সচিব |

২.০ অন্তর্বর্তীকালীন কারিগরি সমন্বয় কমিটির কার্যপরিধিঃ

ক) রেজিস্টার্ড পেশাজীবীদের মাধ্যমে স্থাপত্য নকশা, স্ট্রাকচারাল নকশা, ইলেকট্রিক্যাল নকশা, প্রযোজ্য ক্ষেত্রে মেকানিক্যাল, প্লাম্বিং ও ফায়ার সেইফটি বিষয়ক নকশাসমূহ প্রস্তুতসহ নকশা ভেটিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে একটি আইটি বেইজড অনলাইন প্ল্যাটফর্ম গঠন;

খ) ভবন নির্মাণের সাথে সংশ্লিষ্ট পেশাজীবীদের জন্য লাইসেন্সিং সিস্টেম প্রবর্তন ও হালনাগাদকরণ;

গ) Bangladesh National Building Code 2020 (BNBC 2020) অনুযায়ী ইমারত নির্মাণ বিধিমালা অনুসরণসহ ভবন নির্মাণ সংক্রান্ত নকশা (স্থাপত্য, স্ট্রাকচারাল, ইলেকট্রিক্যাল ও অন্যান্য) ভেটিং ও অনুমোদন প্রক্রিয়া পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ/পরামর্শ প্রদান;

ঘ) ভবনের নির্মাণ কাজ চলাকালীন Bangladesh National Building Code 2020 (BNBC 2020) যথাযথভাবে প্রতিপালন এবং নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যকর ও যুগোপযোগী পরিবীক্ষণ সিস্টেম প্রবর্তন/পরামর্শ প্রদান;

ঙ) Building Construction Committee (BC Committee) সমূহ কর্তৃক অনুমোদিত নকশা ক্ষেত্রবিশেষে যাচাই বাছাইকরণ এবং প্রয়োজন অনুযায়ী সরেজমিনে পরীবিক্ষণ ও পরিদর্শন। এ বিষয়ে প্রয়োজনীয়তার নিরিখে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ;

চলমান/২

চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৯ আগস্ট ২০২৩ তারিখের ২৮০ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে সমগ্র দেশের জন্য প্রণীত Building Construction Committee (BC Committee) কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল গ্রহণ ও নিষ্পত্তিকরণ।

৩.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৫/১২/২০২৩

(মুহাম্মদ সোহেল হাসান)
যুগ্মসচিব
ফোন-৯৫০৬১০২
Email: adminsection17@mohpw.gov.bd

নম্বর : ২৫.০০.০০০০.০৫৩.০০৬.০১২.২০১৯.৩৬১

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪৩০ / ০৫ ডিসেম্বর ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব......................... ................(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
০৩। চেয়ারম্যান (সচিব) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
০৬। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
০৮। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
০৯। মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট, মিরপুর, ঢাকা।
১০। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১১। জেলা প্রশাসক (সকল).................................।
১২। পুলিশ সুপার (সকল)...................................।
১৩। সভাপতি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)/বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স/ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), ঢাকা।

**অনুলিপি:** জ্ঞাতার্থে

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। সিস্টেম এনালিষ্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অফিস কপি/মাষ্টার ফাইল।

০৫/১২/২০২৩

(মুহাম্মদ সোহেল হাসান)
যুগ্মসচিব